

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
পার-৩ শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

বিষয়ঃ সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য  
প্রণীত খসড়া নিয়োগ বিধিমালাটি পর্যালোচনার লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	যুগ্মসচিব (পার) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	০৬.০৯.২০১৮খ্রি.
সভার সময়:	:	দুপুর ২:৩০ ঘটিকা
স্থান	:	যুগ্মসচিব (পার) এর অফিস কক্ষ (কক্ষ নং ২৩৪, ভবন নং-০৩)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপ সচিব (পার-৩) সরকারি ইউনানী আয়ুর্বেদিক মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালাটি প্রস্তুতের উদ্দেশ্যে সভায় বিস্তারিত আলোচনা করেন।

সভায় আলোচনা ও সিদ্ধান্ত:

সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রণীত খসড়া নিয়োগ বিধিমালাটি বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় যে, উল্লিখিত প্রতিষ্ঠানটির কোন সাংগঠনিক কাঠামো এখনও তৈরী করা হয়নি। স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত যে সাংগঠনিক কাঠামোটি এর সাথে সংযুক্ত রয়েছে সেটি যুগোপযোগী ও যুক্তিসংগত নয় বলে সভায় সদস্যগণ একমত পোষন করেন। খসড়া বিধিমালার তফসিলে যে সকল পদের নাম উল্লেখ করা হয়েছে সেগুলোর ধারাবাহিকতা বজায় রেখে প্রস্তাব দেয়া হয়নি বিধায় সাংগঠনিক কাঠামোর অনুরূপে প্রস্তাব প্রেরণ করা যুক্তিসঙ্গত হবে বলে সদস্যগণ একমত হয়। অধ্যক্ষ নিয়োগের ক্ষেত্রে তফসিলের ৩নং কলামের সরাসরি নিয়োগের প্রস্তাবটি বাতিল করার বিষয়ে ও আলোচনা হয়। সার্বিক আলোচনায় কমিটি কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) হাকীম মোঃ নুরুল হক, সিনিয়র প্রভাষক, সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এবং ডাঃ মোঃ লায়েক আহমেদ, প্রভাষক আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রস্তুত করবে এবং পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উক্ত সাংগঠনিক কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট এর রাজস্বখাতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ২০১৮ (খসড়া) পুনঃ প্রস্তুত করে কমিটির নিকট উপস্থাপন করবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

১০/০৯/১৮

(সিদ্দিকা আক্তার)

যুগ্ম সচিব (পার)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং- ৫৯.০০.০০০০.১১১.১৫.০০৮.১৮-১৫৩


তারিখঃ ১০/০৯/১৮খ্রিঃ।

বিতরণ ও কার্যার্থে:(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব গৌতম কুমার, যুগ্মসচিব (আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। ডা: মোঃ সারোয়ার বারী, উপসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৩। জনাব শাহ আলম মুকুল, উপসচিব (চিকিৎসা শিক্ষা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। অধ্যক্ষ/ সিনিয়র প্রভাষক, সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট।
- ৬। ডা: লায়েক আহমেদ, প্রভাষক, সরকারি ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। যুগ্মসচিব (পার), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (আইন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

  
মোকসুদা হোসেন  
উপসচিব  
ফোন: ৯৫৪৫৫২২